

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
১৩ শহীদ ক্যাপটেন মনসুর আলী সরগি
মৎস্য ভবন, রমনা, ঢাকা
www.fisheries.gov.bd



নং-৩৩.০২.০০০০.১১৪.০২.০৪৫.১৯.-২১৮

তারিখ: ২৮/০৫/২০২০ খ্রি.

বিষয়: ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর আওতায় সম্পাদিত কার্যক্রমের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।

- সূত্রঃ ১. মৎস্য অধিদপ্তরের ২৩/০২/২০২০ খ্রি. তারিখের ৩৩.০২.০০০০.১১৪.০২.০৪৫.১৯.৫৯ সংখ্যক স্মারকপত্র।
২. ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সম্পাদিত কার্যক্রমের এপ্রিল ২০২০ মাসের প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সম্পাদিত কার্যক্রমের এপ্রিল ২০২০ মাসের প্রতিবেদন পর্যালোচনান্তে দেখা যায়: [১.১] প্রদর্শনী মৎস্য খামার স্থাপন; [১.২] মৎস্য আবাসস্থল উন্নয়ন; [১.৩] বিল নার্সারি স্থাপন; [১.৪] উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ; [১.৬] মৎস্য হ্যাচারি নিবন্ধন ও নবায়ন; [১.১১] গবেষণা জাহাজের মাধ্যমে সামুদ্রিক মৎস্যসম্পদ জরিপের লক্ষ্যে ক্রুজ পরিচালনা; [১.১৯] বছরব্যাপী বিশেষ মৎস্য সেবা প্রদান (প্রতি মাসে একটি); [৩.১] মৎস্য আবাসস্থল উন্নয়ন ও ব্যবস্থাপনায় সুফলভোগী সম্পৃক্তকরণ; [৩.২] মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টি; এবং [৩.৩] মৎস্যচাষি, মৎস্যজীবী ও অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান কার্যক্রমসমূহের নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে এ পর্যন্ত অর্জন সন্তোষজনক নয়। ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর মেয়াদ ৩০ জুন ২০২০ তারিখে শেষ হবে বিধায় ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর আওতায় সম্পাদিত কার্যক্রমের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করা প্রয়োজন। উল্লেখ্য যে, নির্দিষ্ট সময়ের মধ্যে এপিএ-এর আওতায় বর্ণিত কার্যক্রমের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত সূত্রস্থ ১ নং স্মারকপত্রের মাধ্যমে ইতোপূর্বে আপনাকে নির্দেশনা প্রদান করা হয়।

এমতাবস্থায়, ৩০ জুন ২০২০ মাসের মধ্যে ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর আওতায় সম্পাদিত সকল কার্যক্রমের নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে শতভাগ অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক।

২৮/৫/২০২০
(কাজী শামস আফরোজ)
মহাপরিচালক (চ. দা.)
ফোন: ০২-৯৫৬২৮৬১

ইমেইল: dg@fisheries.gov.bd

বিতরণ:

১. পরিচালক (সামুদ্রিক), সামুদ্রিক মৎস্য দপ্তর, সিজিও বিল্ডিং-১, আগ্রাবাদ, চট্টগ্রাম।
২. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৩. উপপরিচালক (মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ), ঢাকা/চট্টগ্রাম/খুলনা।
৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।